

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date:04-07-2024
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

CM, Offer Letter :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন স্বচ্ছ নিয়োগ নীতির মাধ্যমে সরকারী চাকুরী প্রদান করা বর্তমান সরকারের অন্যতম প্রধান লক্ষ্য। যারা যোগ্য তারা যাতে কোনমতেই বঞ্চনার শিকার না হন, সেদিকে নজর রেখে কাজ করে চলেছে সরকার। গতকাল অরুন্ধতি নগর পঞ্চায়েতি রাজ ট্রেনিং ইন্সটিটিউটে CDPO, ICDS সুপারভাইজার, PA-II, পঞ্চায়েত নির্বাহী অফিসার পদে যোগ্য প্রার্থীদের মধ্যে অফার লেটার বিতরণ অনুষ্ঠানে একথা বলেন তিনি। তিনি বলেন গত ২০১৮-১৯ অর্থবর্ষ থেকে শুরু করে ২০২৩-২৪ অর্থবর্ষ পর্যন্ত গ্রুপ এ, বি, সি, ডি মিলিয়ে মোট ১৩ হাজার ৬৬১ জনকে বিভিন্ন দপ্তরে সরকারী চাকুরী প্রদান করেছে রাজ্য সরকার।

BJP-Panchayat Election :

আসন্ন ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচন উপলক্ষ্যে গতকাল ত্রিপুরা বিজেপি প্রদেশ কার্যালয়ে একটি সাংগঠনিক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, মন্ত্রী প্রণজিৎ সিংহরায়, বিজেপি রাজ্য সভাপতি রাজীব ভট্টাচার্য সহ অন্যান্য কার্যকর্তারা। বৈঠকে দলীয় কার্যকর্তাদের নিজ নিজ এলাকায় জনসংযোগ কার্যক্রম শুরু করার আহ্বান জানানো হয়।

পাশাপাশি স্থানীয় লোকজনের সমস্যাগুলি সমাধানের জন্য কার্যকর্তাদের নির্দেশ দেওয়া হয় এই বৈঠকে।

RathaYatra-CM :

রাজ্যে আসন্ন রথযাত্রা উৎসবের প্রস্তুতি খতিয়ে দেখতে গতকাল সচিবালয়ে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহার সভাপতিত্বে এক ভার্চুয়াল বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে মুখ্যসচিব জে কে সিনহা, রাজ্য পুলিশের মহানির্দেশক অমিতাভ রঞ্জন এবং মুখ্যমন্ত্রীর সচিব ড. পি কে চক্রবর্তী উপস্থিত ছিলেন। রাজ্যের সমস্ত জেলার জেলাশাসক এবং পুলিশ সুপারগণ ভিডিও কনফারেন্সের মাধ্যমে এই সভায় উপস্থিত ছিলেন। সভায় মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যের ঐতিহ্যবাহী ধর্মীয় উৎসবের মধ্যে অন্যতম হচ্ছে রথযাত্রা উৎসব। তাই এই উৎসব যাতে সুষ্ঠুভাবে সম্পন্ন হয় সেদিকে সকলকে বিশেষভাবে নজর দিতে হবে। যেকোনো ধরনের অপ্রীতিকর ঘটনা এড়াতে সম্ভাব্য সবরকম ব্যবস্থা নেওয়ার নির্দেশ দেন তিনি।

PM, Rajyasabha :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি পুণরায় উল্লেখ করেছেন যে সরকার মণিপূরের পরিস্থিতি স্বাভাবিক করার জন্য ক্রমাগত প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। রাজ্যসভায় সংসদের যৌথ অধিবেশনে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর ভাষণে ধন্যবাদ প্রস্তাবের জবাবে, প্রধানমন্ত্রী জোর দিয়ে বলেন যে মণিপূরে শান্তি ও সৌহার্দ্য নিশ্চিত করতে কেন্দ্রীয় ও রাজ্য সরকার সমস্ত অংশীদারদের সঙ্গে আলোচনা করছে। তিনি

বলেন যে স্বরাষ্ট্রমন্ত্রী নিজেই মণিপুরে উপস্থিত থেকে শান্তির প্রচেষ্টায় নেতৃত্ব দিয়েছেন। তিনি সংসদকে জানান যে এখন মণিপুরে স্কুল, কলেজ, অফিস এবং অন্যান্য প্রতিষ্ঠান স্বাভাবিকভাবেই চলছে।

Primary Rural Market :

কৈলাশহর মহকুমার অন্তর্গত জলাই এলাকায় প্রাইমারি গ্রামীণ বাজারের নবনির্মিত পাকা শেডের আজ দ্বারোদঘাটন করেন, শ্রমমন্ত্রী টিংকু রায়। উদ্বোধকের ভাষণে তিনি বলেন, স্থানীয় কৃষকরা তাদের উৎপাদিত পণ্যসামগ্রী এই বাজারে বিক্রি করে রোজগার করবেন। এতে করে এই অঞ্চলের অর্থনৈতিক বিকাশ সাধিত হবে।

TBSE, Review Result :

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত এবছরের মাধ্যমিকে ৩,১৯৯ জন ছাত্রছাত্রী ও উচ্চমাধ্যমিকে ৪,২৩৬ জন ছাত্রছাত্রী বছর বাঁচাও পরীক্ষায় অংশ নিতে পারবে। যে সমস্ত ছাত্রছাত্রী বছর বাঁচাও পরীক্ষায় অংশ নেবে তাদের আগামী ৮ থেকে ১১ জুলাইয়ের মধ্যে সংশ্লিষ্ট বিদ্যালয়ে আবেদনপত্র জমা দিতে হবে। পরীক্ষা নেওয়া হবে জুলাই মাসের শেষ সপ্তাহে। পর্ষদের সভাপতি ড. ধনঞ্জয় গণচৌধুরী গতকাল আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে এই সংবাদ জানান।

তিনি জানান, এবছর মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক ফাইন্যাল পরীক্ষার ফলাফল ঘোষণার পর মাধ্যমিক পরীক্ষার খাতা

পুণঃমূল্যায়ণের আবেদন করে মোট ২০৪২ জন ছাত্রছাত্রী। খাতা পুণঃমূল্যায়ণের পর ৭৪৭ জন ছাত্রছাত্রীর ফলাফল পরিবর্তন হয়েছে। ফেল থেকে পাশ করেছে ২১ জন। উচ্চমাধ্যমিকে আবেদন করে ১৩৮৫ জন ছাত্রছাত্রী। ফলাফল পরিবর্তন হয়েছে ৫১০ জনের। তবে ফেল থেকে একজনও পাশ করেনি।

Biplab Kumar Deb :

কেন্দ্রীয় সড়ক পরিবহন ও মহাসড়ক প্রতিমন্ত্রী হর্ষ মালহোত্রা রাজ্যের চারটি স্থানে রোপণে নির্মাণ কাজের অগ্রগতির বিষয়ে সাংসদ বিপ্লব কুমার দেবকে অবহিত করছেন। কেন্দ্রীয় মন্ত্রী এক চিঠিতে জানান, মহারানী থেকে ছবিমুড়া পর্যন্ত রোপণে প্রকল্পের বিস্তারিত সমীক্ষার কাজ শুরু হয়েছে। উদয়পুর রেলওয়ে স্টেশন থেকে মাতাবাড়িতে ত্রিপুরা সুন্দরী মন্দির পর্যন্ত, কমলপুরের সুরমাছেড়া থেকে এবং কাঞ্চনপুরের জম্পুইহিল পর্যন্ত প্রকল্পগুলিও সমীক্ষার কাজ শুরু হয়েছে।

Arsia is going to Sri Lanka :

ওয়েস্টার্ন এশিয়া ইয়ুথ এবং জুনিয়র দাবা প্রতিযোগিতায় অংশ নিতে শ্রীলঙ্কায় যাচ্ছে রাজ্যের আন্তর্জাতিক দাবাড়ু আর্শিয়া দাস। ৭ থেকে ১৫ জুলাই কলম্বোতে হবে ওয়েস্টার্ন এশিয়া ইয়ুথ দাবা। পরে ১৬-২২ জুলাই হবে জুনিয়র দাবা প্রতিযোগিতা।

SM Cup Football :

রাজ্যভিত্তিক অনূর্ধ্ব ১৫ বছরের সুব্রত মুখার্জি কাপ ফুটবলের আসর আজ শুরু হচ্ছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে উদ্বোধনী ম্যাচে পশ্চিম জেলা খেলবে খোয়াই জেলার বিরুদ্ধে। সকাল ১১টায় হবে তিনদিনব্যাপী রাজ্য আসরের উদ্বোধন। ৫ জুলাই সকালে গ্রুপ লিগের ম্যাচ এবং বিকেলে হবে দুটি সেমিফাইনাল ম্যাচ।

Weather :

আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ সাধারণত মেঘলা থাকবে। আজ দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩০ ডিগ্রী সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। রাজ্যের বিভিন্ন স্থানে বিক্ষিপ্ত বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।
